**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রীর মার্গদর্শনে প্রবর্তিত জাতীয় শিক্ষানীতির মাধ্যমে রাজ্যের শিক্ষাক্ষেত্রেও আমূল পরিবর্তন এসেছে ।**

**(২) সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন এবারের কেন্দ্রীয় বাজেট দেশের যুবসমাজ, মধ্যবিত্ত এবং কৃষকদের আর্থিক বিকাশের ভবিষ্যৎ তৈরি করার স্বপ্ন দেখিয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুদিনের সফরে মরিশাস পৌঁছেছেন।**

**(৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে উত্তর পূর্বাঞ্চলের ছাত্র-ছাত্রীদের কাজের জন্য তাদের নিজেদের অঞ্চল ছেড়ে বাইরে যাওয়ার কোন প্রয়োজন নেই তারা নিজেদের অঞ্চলেই কাজের সুযোগ পাবে ।**

**(৫) মেয়েদের জাতীয় অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটে ত্রিপুরা গ্রুপের চতুর্থ ম্যাচে জয়লাভ করেছে ।**

**************************************************

**CM-School :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রীর মার্গদর্শনে প্রবর্তিত জাতীয় শিক্ষানীতির মাধ্যমে রাজ্যের শিক্ষাক্ষেত্রেও আমূল পরিবর্তন এসেছে। আজ বিশালগড় মহকুমার পূর্ব গোকুলনগরস্থিত লিপিকা দাসগুপ্ত মেমোরিয়াল স্কুলের চতুর্থ প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রকৃত শিক্ষায় শিক্ষিত ছাত্রছাত্রীরাই আগামীদিনে দেশের মূল চালিকাশক্তি হয়ে উঠবে। রাজ্য

সরকারের সুপার ৩০ প্রকল্প, মুখ্যমন্ত্রী মেধা পুরস্কার, ট্যালেন্ট সার্চ প্রোগ্রাম ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের মাধ্যমে বিভিন্ন বৃত্তিমূলক শিক্ষা, স্মার্ট ক্লাস, চালুর পাশাপাশি বিভিন্ন স্থানে ইংরেজি মাধ্যম বিদ্যালয় স্থাপন করা হচ্ছে। তাছাড়া রাজ্য সরকার বন্দে ত্রিপুরা চ্যানেল, পিএম-জনমন প্রকল্প, বিনামূল্যে ছাত্রীদের মধ্যে বাইসাইকেল বিতরণ সহ বহুবিধ কর্মসূচি চালু করেছে। মুখ্যমন্ত্রী বাংলা ভাষার পাশাপাশি ককবরক ভাষায় শিক্ষার প্রসারের উপরও গুরুত্ব আরোপ করেন।

########Byte-CM########

অনুষ্ঠানে বন, বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, ককবরক ভাষার পাশাপাশি বাংলা এবং ইংরেজি ভাষার সংমিশ্রণে ছাত্রছাত্রীদের মধ্যে একদিকে যেমন সুসম্পর্ক তৈরি হবে অন্যদিকে ছাত্রছাত্রীরা তিনটি ভাষা শিখতে পারবে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন লিপিকা দাসগুপ্ত মেমোরিয়াল স্কুলের ট্রাস্টি ডা. গৌরব দাসগুপ্ত। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস (দত্ত), বিধায়ক অন্তরা সরকার দেব ও সুশান্ত দেব প্রমুখ।

****************************

**Lokshabha-Biplab Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন কেন্দ্রীয় বাজেট দেশের যুবসমাজ, মধ্যবিত্ত এবং কৃষকদের আর্থিক বিকাশের ভবিষ্যৎ তৈরি করার স্বপ্ন দেখিয়েছে। আজ লোকসভায় কেন্দ্রীয় বাজেট নিয়ে নিজের মতামত ব্যক্ত করতে গিয়ে তিনি একথা বলেন। শ্রী দেব বলেন ২০২৫-২৬ অর্থবছরের কেন্দ্রীয় বাজেটে গোটা দেশ লাভবান হবে। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং অর্থমন্ত্রী নির্মলা সীতারমনকে ধন্যবাদ জানিয়েছেন। প্রধানমন্ত্রীর প্রদর্শিত পথে দেশের উত্তর-পূর্বাঞ্চলের বিকাশ নিয়েও সাংসদ শ্রী দেব তাঁর বক্তব্যে বিস্তারিত উল্লেখ করেন।

#######Byte-Biplab Deb######

*******************************

**Rajib Bhattacharjee- Rajya Sabha :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ রাজ্যসভায় বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্দেশিত পথে উত্তর-পূর্বাঞ্চলের বিকাশ নিয়ে বিস্তারিত উল্লেখ করেন। তিনি বলেন, ত্রিপুরাতেও সব ক্ষেত্রে দ্রুত উন্নয়ন হচ্ছে। ত্রিপুরাতে এইমসের ধাঁচে একটি হাসপাতাল স্থাপনের জন্য তিনি কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডার দৃষ্টি আকর্ষণ করেন।

######Byte-Rajib Bhattacharjee####

*******************************

**CM-Udaipur :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের লক্ষ্যকে সামনে রেখে রাজ্যেও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়েনর জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। গোমতি, দক্ষিণ জেলা সিপাহীজলা ও পশ্চিম জেলার বিভিন্ন দপ্তরের উচ্চ পদস্থ আধিকারিকদের নিয়ে আজ উদয়পুর রাজর্ষি হলে আয়োজিত এক কর্মশালায় মুখ্যমন্ত্রী একথা বলেন। এই কর্মশালায় বিকশিত ভারত গঠনের লক্ষ্যে মুখ্যসচিবদের জাতীয় সম্মেলনে আলোচনার বিষয়বস্তু বিস্তারিতভাবে অবহিত করা হয়। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে দ্রুত শিল্পায়নের লক্ষ্যে বহিঃ রাজ্যের বিনিয়োগকারীদের সুযোগ করে দেওয়া হচ্ছে। পর্যটন শিল্পের বিকাশেও রাজ্য সরকার ব্যাপক উদ্যোগ নিয়েছে। কর্মশালায় বক্তব্য রাখেন রাজ্যের মুখ্য সচিব জে কে সিনহা, শিল্প ও বাণিজ্য ও তথ্যপ্রযুক্তি সচিব কিরণ গিত্যে, নগর ও গ্রামীণ উন্নয়ন সচিব অভিষেক সিং এবং বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ সচিব ডঃ কে শশী কুমার প্রমুখ।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM, Mouitious :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ প্যাম্পলমুসেসের স্যার সিউওসাগুর রামগুলাম বোটানিক গার্ডেনে মরিশাসের প্রাক্তন রাষ্ট্রপতি স্যার অনিরুধ জগনাথ এবং মরিশাসের প্রাক্তন প্রধানমন্ত্রী স্যার সিউওসাগুর রামগুলামকে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী মরিশাসের অগ্রগতিতে দুই নেতার স্থায়ী উত্তরাধিকার এবং ভারত-মরিশাসের সম্পর্কের একটি শক্তিশালী ভিত্তি তৈরিতে তাদের ভূমিকার কথা স্মরণ করেন। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের পরে, শ্রী মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী ডঃ নবীনচন্দ্র রামগুলাম ঐতিহাসিক উদ্যানে "এক পেড় মা কে নাম" উদ্যোগের অংশ হিসাবে একটি গাছের চারা রোপণ করেন। শ্রী মোদী ডঃ নবীন রামগুলামের এই উদ্যোগে অংশগ্রহণের প্রশংসা করে বলেন যে এটি প্রকৃতি, মাতৃত্ব এবং স্থায়িত্বের প্রতি শ্রদ্ধাঞ্জলী। এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে দুই দিনের সফরে মরিশাসে পৌঁছোন। বিমানবন্দরে মরিশাসের প্রধানমন্ত্রী নবীনচন্দ্র রামগুলাম তাঁকে অভ্যর্থনা জানান। পরে প্রধানমন্ত্রী শ্রী মোদীকে প্রবাসী ভারতীয়রাও স্বাগত জানিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

প্রধানমন্ত্রী শ্রী মোদী আজ রাষ্ট্রপতি ধরম গোখুল এবং প্রধানমন্ত্রী নবীনচন্দ্র রামগুলামের সঙ্গে দেখা করবেন এবং একটি অনুষ্ঠানে ভাষণ দেবেন।

শ্রী মোদী দু'দিনের সফরকালে ভারতের অর্থায়নে পরিচালিত ২০টিরও বেশি প্রকল্পের উদ্বোধন করবেন। তিনি আগামীকাল মরিশাসের জাতীয় দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেবেন।

****************************

**Amit Shah, NE :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে উত্তর পূর্বাঞ্চলের ছাত্র-ছাত্রীদের কাজের জন্য তাদের নিজেদের অঞ্চল ছেড়ে বাইরে যাওয়ার কোন প্রয়োজন নেই তারা নিজেদের অঞ্চলেই কাজের সুযোগ পাবে। আজ নতুন দিল্লিতে স্টুডেন্টস এক্সপেরিয়েন্স ইন ইন্টারস্টেট লিভিং আয়োজিত যুব পার্লামেন্টে ভাষণ দিতে গিয়ে উত্তরপূর্বাঞ্চলের ছাত্রছাত্রীদের উদ্যেশ্যে তিনি একথা বলেন। তিনি বলেন ২০২৭ সালের মধ্যে উত্তর-পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যের রাজধানীকে রেল, বিমান ও সড়কের মাধ্যমে যুক্ত করা হবে। তিনি আরো উল্লেখ করেন যে ভাইব্রান্ট ভিলেজে কর্মসূচিতে ৪,৮০০ কোটি টাকা ব্যয় করা হয়েছে যা বিশেষভাবে অরুণাচল প্রদেশকে উপকৃত করেছে। তিনি বলেন ভারতের সবচাইতে দীর্ঘ রেল ও সড়ক সেতু ব্রহ্মপুত্র নদীর ওপর তৈরি করা হয়েছে। তিনি বলেন আসাম ও ভূটানের মধ্যে রেল লাইন তৈরি করা হচ্ছে।

**************************

**SW & SE Minister :**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন, রাজ্যে বর্তমানে ৩৪টি সামাজিক ভাতা প্রকল্পে বছরে ৪ লক্ষ ৮ হাজার জনকে বিভিন্ন সামাজিক ভাতা দেওয়া হচ্ছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের বিভিন্ন প্রকল্প বাস্তবায়ণ নিয়ে আয়োজিত পশ্চিম জেলাভিত্তিক একদিনের সচেতনতা কর্মশালায় তিনি এই তথ্য জানান। তিনি জানান, রাজ্যে ৭০ হাজারের বেশি দিব্যাঙ্গ ব্যক্তি রয়েছেন। ইতিমধ্যে ৪০ হাজারের বেশি দিব্যাঙ্গকে ইউডি আইডি কার্ড দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী

অন্ত্যোদয় শ্রদ্ধাঞ্জলী যোজনায় মৃত ব্যক্তির পরিবারকে ২০০০ টাকা করে সহায়তা করা হচ্ছে।

তিনি আরো জানান, জ্যুভেনাইল জাস্টিস ফান্ডে ১৮ বছর বয়স পর্যন্ত একজন শিশুকে চিকিৎসার জন্য ৩ লক্ষ টাকা পর্যন্ত চিকিৎসা ব্যয় দেবার সংস্থান রয়েছে।

অনুষ্ঠানের অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জেলার সমাজ শিক্ষা পরিদর্শক দীপকলাল সাহা।

কর্মশালায় গত দুর্গাপূজায় প্রবীণ নাগরিকদের কল্যাণে দপ্তরের বিভিন্ন প্রকল্প প্রদর্শণের জন্য আজকের অনুষ্ঠানে বিভিন্ন ক্লাবকে পুরস্কৃত করা হয়। তাছাড়া ৩ জন অঙ্গনওয়াড়ি কর্মী ও ৩ সহায়িকাকে সম্মানিত করা হয়।

****************************

**Sudhangsu Das-Seminar :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে প্রাণিসম্পদ বিকাশ দপ্তর আয়োজিত শুকর পালন বিষয়ক রাজ্যস্তরীয় আলোচনাচক্রের উদ্বোধন করেন। তিনি জানা, আজকের এই আলোচনাচক্রে শুকর পালনের ক্ষেত্রে বিভিন্ন আধুনিক পদ্ধতি অবলম্বন এর পাশাপাশি শুকরকে বিভিন্ন রোগ থেকে কি ভাবে রক্ষা করা যায়, সেই বিষয়ে আলোকপাত করা হয়। উপস্থিত ছিলেন প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সচিব দীপা ডি নায়ার।

*****************************

**District Level Saras Fair-Sepahijala :**

সিপাহীজলা জেলাভিত্তিক দ্বিতীয় সরস মেলা আজ থেকে বিশ্রামগঞ্জ মিনি স্টেডিয়ামে শুরু হয়েছে। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন ও সিপাহীজলা জেলা প্রশাসন আয়োজিত এই সরস মেলার উদ্বোধন করেন তপশিলী জাতি কল্যাণ

দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস। তিন দিনের এই মেলায় মোট ৯৫টি স্টল খোলা হয়েছে।

*****************************

**Malaria :**

চলতি বছর ফেব্রুয়ারি পর্যন্ত রাজ্যে ম্যালেরিয়া আক্রান্তের সংখ্যা ৩৪৪ জন। এর মধ্যে বেশিরভাগই ধলাই জেলায়। আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানিয়েছেন স্টেট ম্যালেরিয়া প্রোগ্রাম অফিসার ডা: অভিজিৎ দাস। তিনি বলেন গত বছর রাজ্যে ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা ছিল দশ হাজার ১০৭ জন। তবে কোন মৃত্যু নেই। ম্যালেরিয়া প্রবন এলাকাগুলিতে গত বছর ৯ লক্ষ ২৫ হাজার ১৮৫টি ঔষধি যুক্ত মশারি প্রদান করা হয়েছে। ডা: শ্রী দাস জানান, ম্যালেরিয়া আক্রান্ত এলাকাগুলিতে প্রতিনিয়ত স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে। রোগ নির্ণয় করে রোগীদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা এবং ওষুধ দেওয়া হচ্ছে।

*****************************

**Under-23 Cricket :**

মেয়েদের জাতীয় অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটে ত্রিপুরা গ্রুপের চতুর্থ ম্যাচে জয়লাভ করেছে। নাগপুরে অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল ১১১ রানে সিকিমকে হারিয়ে দেয়। মোট চারটি খেলায় রাজ্যদল দুটি জয় পায়।

*****************************

**T20 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্লাব ক্রিকেটের আজ চারটি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে দুটি খেলায় ব্লাডমাউথ ক্লাব ৬৯ রানে মৌচাক ক্লাবকে এবং ওল্ড প্লে সেন্টার ২০ রানে চলমান সংঘকে পরাজিত করে। অপরদিকে, মেলাঘরের মাঠে

দুটি খেলায় হার্ভে ক্লাব ৩ উইকেটে ইউনাইটেড বি এস টি'কে এবং ইউনাইটেড ফ্রেন্ডস ২ উইকেটে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে হারিয়ে দেয়।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন কুড়ি ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে।

*********************************